তারিখ 18 SEP 1988
পৃষ্ঠা 5 কলাম 3

দৈনিক ইনকিলাব

164

# শিক্ষাঙ্গন

## উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান

দীর্ঘদিন যাবত মৌলভীবাজার, রাজনগর, কমলগঞ্জ, কুলাউড়া, বড়লেখা ও শ্রীমঙ্গল উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলো বিভিন্ন সমস্যায় জর্জরিত। ফলে এসব উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় শিক্ষার পরিবেশ ব্যাহত হচ্ছে।

জেলার ৬টি উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান ভবনের জীর্ণদশা, শিক্ষা উপকরণের অভাব, প্রয়োজনীয় আসবাবপত্রের অভাবসহ বিশুদ্ধ খাবার পানিরও অভাব রয়েছে। এছাড়াও রয়েছে শিক্ষকের অভাব। জেলার অনেক শিক্ষা প্রতিষ্ঠানের ভবন ব্যবহারের অযোগ্য হওয়া সত্ত্বেও ব্যবহার করতে হচ্ছে। সংস্কারবিহীন শিক্ষা প্রতিষ্ঠানের ভবনগুলো যে কোন মুহূর্তে ধসে পড়ে মারাত্মক দুর্ঘটনার সৃষ্টি করতে পারে বলে আশংকা করা হচ্ছে।

সমগ্র জেলায় ক্রমশঃ ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেলেও সরকারী অর্থের অভাবে ভবন সম্প্রসারণ করা সম্ভব হচ্ছে না।

আমতৈল উচ্চ বিদ্যালয়, হাফিজ খাতুন উচ্চ বালিকা বিদ্যালয়, কাশিনাথ আলাউদ্দিন বহুমুখী উচ্চ বিদ্যালয়, মৌলভীবাজার সরকারী কলেজের একটি ভবন, মৌলভীবাজার সরকারী উচ্চ বিদ্যালয়ের অফিস ভবনসহ জেলার ৩৬টি শিক্ষা প্রতিষ্ঠান সরকারীভাবে ব্যবহারের অযোগ্য ঘোষণা করা সত্ত্বেও এগুলোতে ঝুঁকি নিয়ে প্রশাসনিক কাজকর্ম চালিয়ে যেতে হচ্ছে।

—আমিনুর রশীদ